বিনিজল (ভেট) বোলাস
Binizol (Vet) Bolus
(Fenbendazole BP)

কার্যকরী উপাদানঃ
প্রতিটি বোলাসে রয়েছে-
ফেনবেনডাজল বিপি ২৫০.০০ মি.গ্রা.

বিবরণঃ ফেনবেনডাজল হল বেনজিমিডাজল-কার্বামেট গ্রুপের একটি বিস্তীর্ণ বর্ণালীর কৃমিনাশক।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ ফেনবেনডাজল মাইক্রোটিউবিউলস্‌কে ব্লক করে এবং কৃমির শক্তি ব্যবস্থাপনা ব্যবস্থাকে ব্যাহত করে যা কৃমিকে পক্ষাঘাত ও মৃত্যুর দিকে পরিচালিত করে।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ গরু, মহিষ ও বাছুর এবং ছাগল, ভেড়ার গোল কৃমি, ফুসফুসের কৃমি ও ফিতা কৃমির চিকিৎসায় ব্যবহার্য। ঘোড়ার গোল কৃমির চিকিৎসায় ব্যবহার্য। কুকুর, বিড়ালের গোল কৃমি ও ফিতা কৃমির চিকিৎসায় ব্যবহার্য।

মাত্রা ও প্রয়োগ বিধিঃ
কেবলমাত্র মুখে খাওয়ানোর জন্য।
গরু, মহিষ: ৭.৫ মি.গ্রা./কেজি দৈহিক ওজন হিসেবে একবার খাওয়াতে হবে অথবা প্রতি ১০০ কেজি দৈহিক ওজনের জন্য ৩ টি বোলাস একসাথে খাওয়াতে হবে।
ছাগল, ভেড়া: ১ টি বোলাস (৫ মি.গ্রা./কেজি দৈহিক ওজন হিসেবে) একবার খাওয়াতে হবে।
কুকুর, বিড়াল: ২০ মি.গ্রা./কেজি দৈহিক ওজন হিসেবে প্রতিদিন একবার করে ৫ দিন খাওয়াতে হবে।
প্রতি ৩-৪ মাস পরপর পুনরায় প্রয়োগ করতে হবে।
অথবা রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনাঃ কলিজা কৃমির চিকিৎসার ১৪ দিনের মধ্যে এবং তিন মাসের কম বয়সের প্রাণিতে **বিনিজল (ভেট)** বোলাস ব্যবহার করা উচিত নয়।

সতর্কতাঃ চিকিৎসার সময় প্রচুর পরিমাণে পানি পান করালে কৃমি বিতাড়নে সুবিধা হয়। এই ক্ষেত্রে পরিস্কার-পরিচ্ছন্নতা খুবই গুরুত্বপূর্ণ।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ জাবর কাটা প্রাণি ডায়রিয়া, পেট ব্যথা ও হেপাটাইটিস সমস্যায় ভুগতে পারে। ফুসফুসের কৃমিতে আক্রান্ত গরুতে **বিনিজল (ভেট)** বোলাস ব্যবহার করলে এলার্জি দেখা দিতে পারে।

গর্ভবতী প্রাণিতে ব্যবহারঃ গর্ভবতী প্রাণিতে **বিনিজল (ভেট)** বোলাস ব্যবহার করলে ভ্রুণের কোন ক্ষতি হয় না। তবে বিপদ ও সুবিধাসমূহ এবং প্রাণির স্বাস্থ্যের বিষয় বিবেচনা করে গর্ভবতী প্রাণিকে কৃমিনাশক খাওয়ানো উচিত।

ঔষধের মিথষ্ক্রিয়াঃ
ঔষধের সাথে: ব্রমস্যালান ফ্লুকিসাইড (Bromsalan flukicides) এর সাথে ফেনবেনডাজল একযোগে প্রয়োগ করা উচিত নয়; এই যৌগগুলি একসাথে ব্যবহার করার ফলে গবাদি প্রাণির গর্ভপাত এবং ভেড়ার মৃত্যু সংগঠিত হতে পারে।
খাদ্যের সাথে: খাদ্যের সাথে কোনরূপ মিথষ্ক্রিয়া পরিলক্ষিত হয়নি।

মাত্রাধিক্যতাঃ নির্ধারিত মাত্রার চেয়ে ফেনবেনডাজলের ১০০ গুণ বেশী নিরাপত্তা মাত্রা রয়েছে।

প্রত্যাহার কালঃ মাংস- ১৪ দিন, দুধ- ০৩ দিন।

সংরক্ষণঃ সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ঠান্ডা (৩০°সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন।

সরবরাহঃ ৫X৪ এবং ১০X৪ বোলাস/বক্সে সরবরাহ করা হয়।



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Super Power Web: www.superpowerpharma.com